

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়
গাইবান্ধা

www.bbs.gaibandha.gov.bd

স্মারক নং- ৫২.০১.৩২০০.০০০.০৬.০০৪.২০- ২৪৫

তারিখঃ ২৫ ভাদ্র ১৪৩১
০৯ সেপ্টেম্বর ২০২৪


বিষয়ঃ সেপ্টেম্বর/২০২৪ খ্রি: মাসের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং-০৫.৫৫.৩২০০.০২২.০৫.০০৫.২০২০-৪১৯; তারিখঃ ১৬ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০১মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীন জেলা পরিসংখ্যান অফিস, গাইবান্ধা এর আওতায় সেপ্টেম্বর/২০২৪ মাসে মাঠ পর্যায়ে যে সমস্ত কার্যক্রম চলছে/চলমান থাকবে তার বিবরণ এবং গত মাসের কার্যক্রমের অগ্রগতির হার আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| চলতি মাসের (সেপ্টেম্বর/২৪) আলোচ্য বিষয় | গত মাসের (আগস্ট/২৪) আলোচ্য বিষয় | অগ্রগতির হার |
|---|---|--------------|
| ০১। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পের মূল শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রম হিসেবে আগামী ১৯-২৫ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত দ্বিতীয় জোনাল অপারেশন এর কার্যক্রম পরিচালিত হবে। উক্ত জোনাল অপারেশনে মূল শুমারির গণনা এলাকা ও সুপারভাইজার এলাকার ম্যাপ প্রস্তুত, গণনা এলাকা ও সুপারভাইজার এলাকা সম্পর্কিত তথ্য ICMS- এ হালনাগাদ এবং শুমারি সংশ্লিষ্ট অন্যান্য প্রস্তুতি গ্রহণ করা হবে। উল্লেখ্য দ্বিতীয় জোনাল অপারেশন এর কার্যক্রম পরিচালনার জন্য গাইবান্ধাকে জেলাকে দুটি ডিসিসিতে ভাগ করা হয়েছে। ডিসিসি-০১ (গাইবান্ধা সদর, সুন্দরগঞ্জ, ফুলছড়ি) ডিসিসি-০২ (গোবিন্দগঞ্জ, পলাশবাড়ি, সাদুল্লাপুর, এবং সাঘাটা) দায়িত্বপ্রাপ্ত জেলা শুমারি সমন্বয়কারীগণ আগামী ১৪-১৫ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ বিবিএস সদর দপ্তরে প্রশিক্ষণ গ্রহণ করবেন। ১৭-১৮ সেপ্টেম্বর, ২০২৪ নিজ নিজ শুমারি ডিসিসি এলাকায় জেলা শুমারি সমন্বয়কারীগণ উপজেলা শুমারি সমন্বয়কারী ও জোনাল অফিসারগণকে প্রশিক্ষণ প্রদান করবেন। | ০১। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় ৩য় ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ত্রৈমাসিকে গাইবান্ধা জেলায় ২৪ টি নমুনা এলাকা (সুন্দরগঞ্জ= ০৪, গাইবান্ধা সদর= ০৮, গোবিন্দগঞ্জ= ০৪, পলাশবাড়ি= ০৩, সাঘাটা= ০৩, সাদুল্লাপুর= ০১ এবং ফুলছড়ি= ০১) থেকে দুই (২) জন তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহ করে থাকেন। উল্লেখ্য, উক্ত জরিপ কাজের মাধ্যমে বিভাগীয় ও জাতীয় পর্যায়ে বেকারত্বের হার, সংখ্যা এবং কর্মসংস্থানের অবস্থান ইত্যাদি জানা যায় | ১০০% |
| ০২। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় ৩য় ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ত্রৈমাসিকে গাইবান্ধা জেলায় ২৪ টি নমুনা এলাকা (সুন্দরগঞ্জ= ০৪, গাইবান্ধা সদর= ০৮, গোবিন্দগঞ্জ= ০৪, পলাশবাড়ি= ০৩, সাঘাটা= ০৩, সাদুল্লাপুর= ০১ এবং ফুলছড়ি= ০১) থেকে দুই (২) জন তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহ করে থাকেন। উল্লেখ্য, উক্ত জরিপ কাজের মাধ্যমে বিভাগীয় ও জাতীয় পর্যায়ে বেকারত্বের হার, সংখ্যা এবং কর্মসংস্থানের অবস্থান ইত্যাদি জানা যায় | ০২। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় স্যাম্পল ভাইটাল রেজিস্টার সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্ল্যাটফরম প্রকল্পের অধীন গাইবান্ধা জেলায় ৪১ (এক চল্লিশ) টি নমুনা এলাকায় তালিকা কার্যক্রম সূষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। উল্লেখ্য যে, (সুন্দরগঞ্জ= ০৬, গাইবান্ধা সদর= ০৫, গোবিন্দগঞ্জ= ১২, পলাশবাড়ি= ০৫, সাঘাটা= ০৫, সাদুল্লাপুর= ০৫ এবং ফুলছড়ি= ০৩) নমুনা এলাকা রয়েছে। | ১০০% |
| ০৩। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় 'ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' প্রকল্পের অধীনে মাঠ পর্যায়ে মূল তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। | ০৩। সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় 'ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' প্রকল্পের অধীনে মাঠ পর্যায়ে মূল তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। | ১৫% |

০২। বর্তমানে বিভাগীয় অন্যান্য নিয়মিত কার্যক্রম সূষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।


(মোঃ এনাছুল হক)
উপ পরিচালক

ফোন নং-০২৫৮৭৭১০০৪৩

ই-মেইল bbsgaibandha032@gmail.com

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
গাইবান্ধা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

০১। মুখ্য পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রংপুর

০২। অফিস কপি।

